গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন উইং
প্লট নং-ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bida.gov.bd

স্মারক নং- ০৩.০৮.২৬৮০.২২৪.১৬৫.১৪৭৯.২০১৭/ ২২০(৬৩)

তারিখঃ ২৩.০৫.২০২১ খ্রি :

# পরিপত্র

**বিষয়ঃ 'Guidelines for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee (s), technical assistance fee(s) and franchise fee(s)- 2020' এর আওতায় বিভিন্ন ধরণের ফি প্রত্যাবাসনের নিমিত্ত সেবা গ্রহণকারী এবং সেবা দানকারী প্রতিষ্ঠানদ্বয়ের মধ্যে সম্পাদিত মূল চুক্তি এবং তার যে কোনো সংশোধন/সংযোজন/নবায়ন ইত্যাদি বিডা কর্তৃক অনুমোদন এবং অনুস্বাক্ষরের পদ্ধতি।**

## ১.০ ভূমিকাঃ

১.১ বাংলাদেশে ব্যবসা সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিগত ০৩.০৩.২০২১ তারিখে 'Guidelines for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee (s), technical assistance fee(s) and franchise fee(s)- 2020' শীর্ষক গাইডলাইনটি পরিপত্র আকারে জারি করা হয়েছে।

১.২ জারিকৃত গাইডলাইন্সের অনুচ্ছেদ ৪ ও তার উপ-অনুচ্ছেদসমূহ এবং পরিশিষ্ট-ক অনুসারে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করেছে এমন প্রতিষ্ঠান তার আয়কর রিটার্ণের উল্লিখিত পূর্ববর্তী বছরের বিক্রয়মূল্যের অনধিক ৬% পর্যন্ত এবং বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে যন্ত্রপাতি আমদানির ক্রমপুঞ্জিত সিএন্ডএফ মূল্যের অনধিক ৬% পর্যন্ত রয়্যালটি (Royalty), কারিগরি জ্ঞান ফি (Technical Knowledge Fee), কারিগরি প্রজ্ঞান ফি (Technical Know-How Fee), কারিগরি সহায়তা ফি (Technical Assistance Fee), এবং ফ্রাঞ্চাইজি ফি (Franchise Fee) প্রত্যাবাসনের ক্ষেত্রে বিডা'র অনুমোদন ব্যতীত মনোনীত নমিনি ব্যাংকের মাধ্যমে সরাসরি প্রত্যাবাসন করতে পারবে। ফলে, এসকল ক্ষেত্রে বিডা হতে অনুমোদন গ্রহণের কোন প্রয়োজনীয়তা নেই। তবে শর্ত থাকে যে, এক্ষেত্রে সেবা গ্রহণকারী এবং সেবা দানকারী উভয় প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত বিদ্যমান ও নতুন মূল চুক্তিপত্র বিডা কর্তৃক অনুমোদন এবং অনুস্বাক্ষর করিয়ে নিতে হবে। এছাড়াও, বিদ্যমান চুক্তি নবায়ন, যে কোন প্রকার সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন এবং/বা পরিবর্তনের ক্ষেত্রেও বিডা'র অনুমোদন এবং অনুস্বাক্ষর আবশ্যক হবে। উল্লেখ্য যে, ৬% এর অধিক ফি প্রত্যাবাসনের ক্ষেত্রে চুক্তি অনুমোদন/অনুস্বাক্ষর এবং প্রতিবার প্রত্যাবাসনে বিডা'র অনুমতির প্রয়োজন হবে। আরো উল্লেখ্য যে, অগ্রিম(advance) রয়্যালটি (Royalty), কারিগরি জ্ঞান ফি (Technical Knowledge Fee), কারিগরি প্রজ্ঞান ফি (Technical Know-How Fee), কারিগরি সহায়তা ফি (Technical Assistance Fee) এবং ফ্রাঞ্চাইজি ফি (Franchise Fee) প্রত্যাবাসনের ক্ষেত্রে চুক্তি অনুমোদন/অনুস্বাক্ষর এবং প্রতিবার প্রত্যাবাসনে বিডা'র অনুমতির প্রয়োজন হবে।

১.৩ উপর্যুক্ত বিধানের আলোকে যে কোন পরিমাণ ফি প্রত্যাবাসনের জন্য সম্পাদিত চুক্তি অনুমোদন ও অনুস্বাক্ষরের লক্ষ্যে "রয়্যালটি, ফ্রাঞ্চাইজি, কারিগরি জ্ঞান (Technical Knowledge), কারিগরি প্রজ্ঞান (Technical Know-How) বা কারিগরি সহায়তা (Technical Assistance) সংক্রান্ত ফি প্রত্যাবাসনের লক্ষ্যে সম্পাদিত চুক্তি অনুমোদন ও অনুস্বাক্ষর পদ্ধতি" শীর্ষক পদ্ধতিটি প্রণয়ন করা হল। নিম্নের অনুচ্ছেদগুলোতে এটি "পদ্ধতি" হিসেবে উল্লেখ করা হবে।

১.৪ বিডা'র নির্বাহী পরিষদের ৮৪ তম সভার সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে এই পদ্ধতিটি ০১ জুন ২০২১ তারিখ হতে কার্যকর হবে।

## ২.০ চুক্তি অনুমোদন ও অনুস্বাক্ষরের লক্ষ্যে আবেদন প্রক্রিয়াঃ

২.১ সেবা গ্রহণকারী এবং সেবা দানকারী উভয় প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত বিদ্যমান ও নতুন মূল চুক্তি এবং মূল চুক্তির সংশোধন, সংযোজন, পরিমার্জন, পরিবর্ধন, পরিবর্তন ও নবায়ন ইত্যাদির ক্ষেত্রে বিডার অনুমোদন/অনুস্বাক্ষর গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত কাগজপত্রসহ বিডায় আবেদন দাখিল করতে হবে;

(ক) প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে মহাপরিচালক (ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন), বিডা বরাবর আবেদন;

(খ) পূরণকৃত নির্ধারিত ছক (পরিশিষ্ট ক);

(গ) এই "পদ্ধতি"-র ৩.০ অনুচ্ছেদে বর্ণিত সকল বিষয় চুক্তিতে অন্তর্ভুক্তপূর্বক সেবা গ্রহণকারী বা সেবা দানকারী যে দেশে নিবন্ধিত, সেই দেশের নোটারী পাবলিক কর্তৃক নোটারাইজড চুক্তিপত্রের ২টি মূলকপি;

(ঘ) চুক্তিটি বাংলা বা ইংরেজি ভাষায় প্রণীত না হলে, স্বীকৃত অনুবাদ প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলা বা ইংরেজি ভাষায় অনুবাদ করিয়ে অনুদিত চুক্তিপত্রের ২টি নোটারাইজড মূল কপি;

(ঙ) কোম্পানির নিবন্ধনপত্র, সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম অফ আর্টিকেলস এবং আর্টিকেলস অফ এসোসিয়েশনসের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত অনুলিপি;

(চ) যে সকল কারিগরি জ্ঞান, কারিগরি প্রজ্ঞান, কারিগরি সহায়তা বাংলাদেশের দেশি বা বিদেশি প্রতিষ্ঠান কর্তৃক প্রদান করা সম্ভব তা বিদেশ হতে গ্রহণের ক্ষেত্রে, প্রমাণকসহ তার কারণ ও যৌক্তিকতা সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে প্রদান করতে হবে;

(ছ) স্বার্থ সংশ্লিষ্ট বিদেশি প্রতিষ্ঠানের নিকট হতে কারিগরি জ্ঞান, কারিগরি প্রজ্ঞান, কারিগরি সহায়তা সংক্রান্ত সেবা গ্রহণের ক্ষেত্রে arm's length principle and transfer pricing নীতির ব্যত্যয় হলে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সেবাগ্রহণকারী সংস্থা মেনে নিতে বাধ্য থাকবে এ মর্মে একটি অঙ্গীকার পত্র;

(জ) চুক্তি অনুমোদনের বিষয়ে সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের অনুমোদন;

(ঝ) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (অধুনালুপ্ত বাংলাদেশ বিনিয়োগ বোর্ড) কর্তৃক প্রদত্ত সংশোধনীসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সকল শিল্প প্রকল্প নিবন্ধন পত্র;

(ঞ) প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হালনাগাদ আয়কর পরিশোধের সনদ;

(ট) হাল নাগাদ ট্রেড লাইসেন্স এর কপি;

(ঠ) হাল নাগাদ ট্রেডমার্ক/পেটেন্ট সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

(ড) প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত নমিনি ব্যাংকের নাম, ঠিকানা সম্বলিত তথ্য; এবং

(ঢ) বিডা কর্তৃক নির্ধারিত ফি (চুক্তি অনুমোদন এবং অনুস্বাক্ষরের অব্যবহিত পূর্বে জারিকৃত অনুরোধপত্রের প্রেক্ষিতে প্রদেয়)

## ৩.০ অনুমোদন/অনুস্বাক্ষরের জন্য দাখিলকৃত চুক্তিপত্রে আবশ্যিকভাবে উল্লেখযোগ্য বিষয়সমূহ (অন্তর্ভুক্ত তবে সীমাবদ্ধ নয়)

| ক্রম | বিষয় | যাচাইযোগ্য বিষয় |
|---|---|---|
| ৩.১ | সাধারণ বিষয়াদি | (ক) অবশ্যপালনীয় (legally binding) চুক্তি হতে হবে এবং এটি যে একটি 'চুক্তি' তা শিরোনামে স্পষ্টভাবে প্রতিফলিত হতে হবে। 'সমঝোতা স্মারক' বা অন্য কোনো বিবরণী গ্রহণযোগ্য হবে না।<br>(খ) যে সেবার বিপরীতে ফি প্রত্যাবাসনের জন্য চুক্তি সম্পাদন করা হয়েছে, তার নাম/ধরণ চুক্তির শিরোনামে উল্লিখিত থাকতে হবে। |
| ৩.২ | Guidelines for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee(s), technical assistance fee(s) and franchise fee(s), 2020 পরিপালন | 'Guidelines for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee (s), technical assistance fee(s) and franchise fee(s), 2020'-এ বর্ণিত সকল বিষয় অনুসরণপূর্বক ফি প্রত্যাবাসন সংক্রান্ত চুক্তি সম্পাদিত হতে হবে। |
| ৩.৩ | চুক্তির ভাষা | চুক্তিটি বাংলা বা ইংরেজি ভাষায় প্রণীত না হলে স্বীকৃত অনুবাদ প্রতিষ্ঠানের মাধ্যমে ইংরেজি বা বাংলা ভাষায় অনুবাদ করিয়ে মূল চুক্তিপত্র এবং অনুদিত চুক্তিপত্রের যথাযথভাবে নোটারাইজড অনুলিপি প্রদান করতে হবে। |
| ৩.৪ | সত্যায়ন | চুক্তিটি যথাযথভাবে নোটারি পাবলিক কর্তৃক নোটারাইজড করে দাখিল করতে হবে। |
| ৩.৫ | চুক্তি সম্পাদনকারী পক্ষসমূহ | (ক) চুক্তি সম্পাদনকারী পক্ষসমূহের নাম ও ঠিকানা, ফোন নম্বর, ইমেইল স্পষ্টভাবে চুক্তিতে উল্লেখ থাকতে হবে। বিডার পূর্বানুমতি ব্যতীত চুক্তি সম্পাদনকারী পক্ষসমূহের নাম, ঠিকানা, ফোন নম্বর, ইমেইল অর্থাৎ যোগাযোগ সংক্রান্ত তথ্যাদি কোনভাবেই পরিবর্তন করা যাবে না।<br>(খ) চুক্তিতে স্বাক্ষরকারী ব্যক্তিবর্গের তারিখসহ পূর্ণ স্বাক্ষর, তারিখ, নাম ও পদবী ঠিকানা, ফোন নম্বর, ইমেইল স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।<br>(গ) চুক্তির প্রতি পৃষ্ঠায় চুক্তি স্বাক্ষরকারী সকল ব্যক্তিবর্গের তারিখসহ অনুস্বাক্ষর থাকতে হবে।<br>(ঘ) সেবাগ্রহণকারী বাংলাদেশি প্রতিষ্ঠান বাংলাদেশে আরজেএসসি এবং বিডা কর্তৃক নিবন্ধিত হতে হবে।<br>(ঙ) সেবাদানকারী বিদেশি প্রতিষ্ঠানকে উক্ত দেশের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হতে হবে এবং তা চুক্তিতে উল্লেখ থাকতে হবে।<br>(চ) সেবাদানকারী বিদেশি প্রতিষ্ঠানের একটি ওয়েবসাইট থাকতে হবে যা চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। উক্ত ওয়েবসাইটে বর্ণিত বিষয়াদির সাথে চুক্তিবদ্ধ সেবা'র সরাসরি সংশ্লিষ্টতা থাকতে হবে। ওয়েবসাইট না থাকলে বা সেবা'র সাথে সংশ্লিষ্টতা না থাকলে প্রমাণকসহ যৌক্তিকতা ও কারণ ও ব্যাখ্যাসম্বলিত লিখিত বিবরণ পৃথকভাবে দাখিল করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | (ছ) চুক্তি সম্পাদনকারী উভয় পক্ষের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সকল তথ্যাদি (নাম, পদবী, পূর্ণ ঠিকানা, ইমেইল, ফোন নম্বর) চুক্তিতে উল্লেখ থাকতে হবে। |
| ৩.৬ | চুক্তি সম্পাদনের তারিখ | চুক্তি সম্পাদনের তারিখ (দিন/মাস/বছর) স্পষ্টভাবে চুক্তিতে উল্লেখ করতে হবে। |
| ৩.৭ | চুক্তি কার্যকরের তারিখ | চুক্তি কার্যকরের তারিখ (দিন/মাস/বছর) স্পষ্টভাবে চুক্তিতে উল্লেখ করতে হবে। |
| ৩.৮ | চুক্তির মেয়াদোত্তীর্ণের তারিখ | (ক) চুক্তির মেয়াদোত্তীর্ণের তারিখ (দিন/মাস/বছর) স্পষ্টভাবে চুক্তিতে উল্লেখ করতে হবে;<br>(খ) চুক্তির মেয়াদ স্বয়ংক্রিয়ভাবে বা শর্তসাপেক্ষে বর্ধনযোগ্য হলে তা এবং যে সময়ের (দিন/মাস/বছর) জন্য বর্ধনযোগ্য তা স্পষ্টভাবে চুক্তিতে উল্লেখ করতে হবে। |
| ৩.৯ | যে সকল সেবা প্রদানের জন্য চুক্তি সম্পাদন করা হচেছ তার বিস্তারিত বিবরণ থাকতে হবে। | (ক) চুক্তির আওতায় কী কী কারিগরি জ্ঞান, কারিগরি প্রজ্ঞান, কারিগরি সহায়তা সেবা প্রদান করা হবে, তার সুনির্দিষ্ট ও বিস্তারিত বর্ণনা উল্লেখ করতে হবে;<br>(খ) যে সকল কারিগরি জ্ঞান, কারিগরি প্রজ্ঞান, কারিগরি সহায়তা দেশি বা বিদেশি প্রতিষ্ঠান কর্তৃক প্রদান করা সম্ভব তা বিদেশ হতে গ্রহণের ক্ষেত্রে, প্রমাণকসহ তার কারণ ও যৌক্তিকতা সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে প্রদান করতে হবে;<br>(গ) রয়্যালটি ও ফ্রাঞ্চাইজি সংক্রান্ত সকল বিষয় সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। |
| ৩.১০ | রয়্যালটি, ফ্রান্চাইজি বা কারিগরি জ্ঞান, কারিগরি প্রজ্ঞান বা কারিগরি সহায়তা গ্রহণের জন্য প্রদেয়/ধার্যকৃত ফি | ক) রয়্যালটির পরিমাণ এবং কিভাবে এই রয়্যালটি নির্ধারিত হচ্ছে তার সুস্পষ্ট বিবরণ;<br>খ) ফ্রাঞ্চাইজি ফি'র পরিমাণ এবং কিভাবে এই ফি নির্ধারিত হচ্ছে তার সুস্পষ্ট বিবরণ;<br>গ) কারিগরি জ্ঞান, কারিগরি প্রজ্ঞান বা কারিগরি সহায়তা ফি'র পরিমাণ এবং কিভাবে এই ফি নির্ধারিত হচ্ছে তার সুস্পষ্ট বিবরণ;<br>ঘ) উপরে বর্ণিত ফিগুলো দর কষাকষি করে নির্ধারিত নাকি স্বীকৃত মান অনুযায়ী নির্ধারিত হয়েছে তার প্রমাণকসহ উল্লেখ থাকতে হবে;<br>ঙ) স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে কারিগরি জ্ঞান, কারিগরি প্রজ্ঞান বা কারিগরি সহায়তা সেবা গ্রহণের ক্ষেত্রে arm's length principle and transfer pricing নীতি অনুসরণ করা হবে বা হয়েছে কি না তা চুক্তিতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত সেবাগুলো গ্রহণের ক্ষেত্রে arm's length principle and transfer pricing নীতির ব্যত্যয় হলে, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সেবাগ্রহণকারী সংস্থা মেনে নিতে বাধ্য থাকবে এ মর্মে একটি অঙ্গীকার পত্র থাকতে হবে। |
| ৩.১১ | ফি পরিশোধের তফশিল (Payment schedule) | সকল ধরণের রয়্যালটি/ফি, কী কী শর্তসাপেক্ষে বা কোন কোন সময়ে পরিশোধযোগ্য হবে, তা সুস্পষ্টভাবে চুক্তিতে উল্লিখিত থাকতে হবে। |
| ৩.১২ | প্রত্যাবাসিত ফি যে ব্যাংকের মাধ্যমে লেনদেন হবে | সেবাগ্রহণকারীর বাংলাদেশস্থ যে ব্যাংক হতে প্রত্যাবাসন করা হবে এবং সেবাপ্রদানকারীর বিদেশস্থ যে ব্যাংকে প্রত্যাবাসিত অর্থ প্রেরিত হবে তার পূর্ণাঙ্গ বিবরণ চুক্তিতে উল্লিখিত থাকতে হবে। |
| ৩.১৩ | অন্যান্য | বিডা প্রয়োজন মনে করলে সেবাগ্রহণকারীকে উপরে বর্ণিত বিষয়ের অতিরিক্ত বিষয় চুক্তিতে অন্তর্ভুক্ত করার জন্য অনুশাসন প্রদান করতে পারবে। |

## ৪.০ বিডা হতে চুক্তি অনুমোদন প্রক্রিয়া:

(ক) এই "পদ্ধতির" ৩.০ অনুচ্ছেদে বর্ণিত তথ্যাদি, ২.০ অনুচ্ছেদে বর্ণিত দলিলাদি এবং নির্ধারিত ছকসহ (পরিশিষ্ট -ক) আবেদন প্রাপ্তির পর নিবন্ধন ও সহায়তা -বৈদেশিক শিল্প অধিশাখা উক্ত আবেদন প্রক্রিয়াকরণ করবে। আবেদন অসম্পূর্ণ, তথ্যাদি ভুল বা প্রয়োজনীয় ও আবশ্যকীয় দলিলাদি সংযুক্ত করা না হলে তা প্রক্রিয়াকরণ করা হবে না।

(খ) পরীক্ষায় কোনো ঘাটতি/অস্পষ্টতা পরিলক্ষিত হলে সে বিষয়ে ব্যাখ্যা/দলিলাদি দাখিল করার জন্য আবেদনকারী প্রতিষ্ঠানকে জানিয়ে দেয়া হবে (পরিশিষ্ট -খ)।

(গ) আবেদন প্রাপ্তির পর Guidelines for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee(s), technical assistance fee(s) and franchise fee(s), 2020 শীর্ষক গাইডলাইন, এই "পদ্ধতির" ২.০ অনুচ্ছেদে বর্ণিত চেকলিস্ট এবং ৩.০ অনুচ্ছেদে বর্ণিত বিষয়গুলো অনুসরণপূর্বক চুক্তিটি পরীক্ষা করা হবে। এখানে উল্লেখ্য যে, পরীক্ষা পদ্ধতি কেবলমাত্র "পদ্ধতির" ২.০ অনুচ্ছেদে বর্ণিত চেকলিস্ট এবং ৩.০ অনুচ্ছেদে বর্ণিত বিষয়াদির মধ্যে সীমিত নয়। কর্তৃপক্ষ প্রয়োজনীয় মনে করলে বা প্রযোজ্য হলে অন্য যে কোনো বিষয় এই পরীক্ষার আওতায় আনা হতে পারে।

(ঘ) উক্ত সকল ধাপ অনুসরণপূর্বক চুক্তিটি অনুমোদন এবং অনুস্বাক্ষরের যোগ্য প্রতীয়মান হলে তা নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিয়ে চূড়ান্ত করা হবে।

(চ) অনুমোদনের পর উক্ত তথ্য আবেদনকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ফি জমাদানের জন্য অনুরোধ করা হবে।

(ছ) প্রয়োজনীয় ফি'র পে-অর্ডার প্রাপ্তির পর নির্ধারিত ছকে (পরিশিষ্ট গ) অনুমোদনপত্র জারি করা হবে। অনুমোদনপত্রের সাথে প্রতি পৃষ্ঠায় সংশ্লিষ্ট পরিচালক/উপপরিচালক/সহকারি পরিচালক-এর স্বাক্ষরযুক্ত অনুমোদিত চুক্তিপত্রটি সংযোজনী হিসেবে প্রদান করা হবে।

(জ) প্রাথমিক অবস্থায় কাগজভিত্তিক/ম্যানুয়াল আবেদন গ্রহণ ও অনুমোদন করা হবে। তবে, যথাশীঘ্র সম্ভব আবেদন প্রক্রিয়া বিডার অনলাইন ওএসএস প্লাটফর্মের মাধ্যমে অনলাইনভিত্তিক করার কার্যক্রম গ্রহণ করা হবে।

**৫.০ বিডা হতে চুক্তি অনুমোদন/ অনুস্বাক্ষর এবং ফি প্রত্যাবাসনের জন্য প্রযোজ্য ফিঃ**

৫.১ ফ্রাঞ্চাইজি/রয়্যালটি/কারিগরি সহায়তা/কারিগরি প্রজ্ঞান সম্পর্কিত চুক্তি অনুমোদন/ অনুস্বাক্ষরের জন্য নিম্নোক্ত হারে ফি প্রদেয় হবে।

| বিষয় | প্রযোজ্য ফি'র পরিমাণ |
|---|---|
| (ক) প্রথমবার চুক্তি অনুমোদন/অনুস্বাক্ষর: | চুক্তির প্রতি বছর (বা তার ভগ্নাংশ) মেয়াদের বিপরীতে ৫০,০০০ টাকা হিসাবে ফি প্রদেয় হবে।<br>উদাহরণ: কোনো চুক্তির মেয়াদ ২.৫ বছর বা ৩ বছর হলে তার জন্য প্রযোজ্য ফি হবে ৫০,০০০/=*৩=১,৫০,০০০/= টাকা। |
| (খ) পরবর্তী চুক্তি সংশোধন/ সংযোজন/ পরিবর্ধন/ পরিবর্তন | (১) মেয়াদ বৃদ্ধি হলে বৃদ্ধিকৃত প্রতি বছর (বা তার ভগ্নাংশ) মেয়াদের বিপরীতে ৫০,০০০ টাকা হিসাবে ফি প্রদেয় হবে।<br>(২) অন্যান্য যে কোনো বিষয়/বিষয়সমূহ সংশোধন/ সংযোজন/ পরিবর্ধন/ পরিবর্তনের জন্য প্রতিবার ৫০,০০০ টাকা ফি প্রদেয় হবে। |

৫.২ ৫.১ নং অনুচ্ছেদে বর্ণিত ফি'র উপর বাংলাদেশ সরকার কর্তৃক ধার্যকৃত ভ্যাট পরিশোধ করতে হবে।

৫.৩ বর্ণিত চুক্তি অনুমোদন/ অনুস্বাক্ষরের পর ব্যাংকের মাধ্যমে প্রতিবার ফি প্রত্যাবাসনের জন্য বিডাতে কোনো ফি পরিশোধ করতে হবে না। তবে, প্রত্যাবাসনকারী ব্যাংক তাদের বিধি মোতাবেক এবং বর্তমানে প্রচলিত প্রযোজ্য ফি গ্রহণ করতে পারবে।

৫.৪ ফ্রাঞ্চাইজি ফি সংক্রান্ত চুক্তিতে উল্লিখিত ফি'র পরিমাণ ১,০০,০০,০০০/= (এক কোটি) টাকার অধিক হলে পূর্বোক্ত ৫(ক) অনুচ্ছেদে উল্লিখিত চুক্তি অনুমোদন/ অনুস্বাক্ষর ফি'র অতিরিক্ত হিসাবে নিম্নোক্ত হারে ফি প্রদেয় হবে:

| **ফ্রাঞ্চাইজি ফি'র পরিমাণ** | **বিডাতে পরিশোধিতব্য ফি'র পরিমাণ** |
|---|---|
| ১,০০,০০,০০১/= হতে ৫,০০,০০,০০০/= পর্যন্ত | ১,০০,০০০/= |
| ৫,০০,০০,০০১/= হতে ১০,০০,০০,০০০/= পর্যন্ত | ২,০০,০০০/= |
| ১০,০০,০০,০০০/= এর অতিরিক্ত যে কোনো অংক | ৫,০০,০০০/= |

৫.৫ ৫.৪ নং অনুচ্ছেদে বর্ণিত ফি'র উপর বাংলাদেশ সরকার কর্তৃক ধার্যকৃত ভ্যাট পরিশোধ করতে হবে।

৫.৬ অগ্রিম ফি প্রত্যাবাসনের জন্য প্রথমে যথাযথ ফি পরিশোধপূর্বক চুক্তিটি অনুমোদন/অনুস্বাক্ষর করিয়ে নিতে হবে এবং তারপর প্রতিবার অগ্রিম ফি প্রত্যাবাসনের ক্ষেত্রে বিডা'র অনুমোদন প্রয়োজন হবে এবং এক্ষেত্রে পরিশিষ্ট-ঘ তে বর্ণিত হারে নির্ধারিত ফি (যা বিডা কর্তৃক পরিবর্তনযোগ্য) পরিশোধ করতে হবে। উল্লেখ্য, উক্ত ফি'র সাথেও বাংলাদেশ সরকার কর্তৃক ধার্যকৃত ভ্যাট প্রযোজ্য হবে।

৬.০ প্রয়োজনবোধে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এই পদ্ধতি'র প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন করতে পারবে।

৭.০ এই পদ্ধতির একটি ইংরেজি পাঠ তৈরি করা হবে। বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধ দেখা গেলে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

Mahbub 25/8/21

(শাহ্ মোহাম্মদ মাহবুব)
মহাপরিচালক
ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন
ফোন: ৫৫০০৭২২৫
ই-মেইল: dg3@bida.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার আবশ্যিক ক্রমানুসারে নয়):**

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫। সিনিয়র অর্থ সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৯। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
১২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কতৃর্পক্ষ (বেজা), লেভেল ১১, মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট, ১১১ বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার (৯ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।
১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রাইভেট পার্টনারশীপ কর্তৃপক্ষ, প্লট ই-১৩/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কতৃর্পক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স, বাড়ি ১৯/ডি, সড়ক ৬, ধানমন্ডি আ/এ, ঢাকা।
১৬। সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা (পদ্ধতি টি বিডা'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। রেজিস্ট্রার, প্যাটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক অধিদপ্তর, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা ১০০০।
১৮। মহাপরিচালক, বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদশে ব্যাংক, ঢাকা।
১৯। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা। (পরিপত্রটি বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)
২০। Head of Delegation, European Union to Bangladesh, বাড়ি ৭, সড়ক ৮৪, গুলশান ২, ঢাকা।
২১। Chief Representative, JICA Bangladesh, ৩য় তলা, বে'স গ্যালারিয়া, CWS-A19, ৫৭ গুলশান এভিনিউ, ঢাকা ১২১২।
২২। Country Representative, JETRO, আই-কে টাওয়ার, ৩য় তলা, প্লট নং CEN(A)-2, উত্তর এভিনিউ, গুলশান ২, ঢাকা ১২১২.
২৩। চেয়ারম্যান, এসোসিয়েশ অফ ব্যাংকস, জব্বার টাওয়ার, ১৬ তলা, সড়ক ১৩৫, ৪২ গুলশান এভিনিউ, ঢাকা ১২১২।
২৪। সভাপতি, এফ.বি.সি.সি.আই, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
২৫। সভাপতি, বি.জি.এম.ই.এ, সড়ক ৭/৭এ, সেক্টর ১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা ১২৩০।
২৬। সভাপতি, এম.সি.সি.আই, ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা।
২৭। সভাপতি, ডি.সি.সি.আই, ৬৫-৬৬ মতিঝিল বা/এ, ঢাকা।
২৮। সভাপতি, এফ.আই.সি.সি.আই, শ্যামা হোমস, এপার্টমেন্ট সি-৩, বাড়ি ৫৯, সড়ক ১, ব্লক আই, বনানী, ঢাকা ১২১৩।
২৯। সভাপতি, বি.ডব্লিউ.সি.সি.আই, প্লট ২, ২য় তলা, সড়ক ২৩/সি, গুলশান ১, ঢাকা ১২১২।
৩০। সভাপতি, সি.সি.সি., ডব্লিউটিসি বিল্ডিং, ১০২-১০৩ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৩১। ব্যবস্থাপনা পরিচালক, ________________________ ব্যাংক, ________________________।
৩২। সভাপতি/প্রধান নির্বাহী, ________________________ চেম্বার, ________________________।
৩৩। মাস্টার ফাইল।

Bangladesh Investment Development Authority
BIDA

'বিনিয়োগ অগ্রাধিকার'
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়

**Attachment A (পরিশিষ্ট-ক)**

**(Prescribed Application Form)**

**The People's Republic of Bangladesh**
**Prime Minister's Office**
**Bangladesh Investment Development Authority**
**Registration and Incentives-Foreign Industry**
**Plot no: E-6/B, Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207**
www.bida.gov.bd

## Application for approval and endorsement of the agreement for outward remittance of royalty, franchise, technical Knowledge, technical know-how, and technical assistance fee

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 1. | Name, Address, telephone number, Email number of the applicant industrial enterprise | : | | | | |
| 2. | BIDA's registration no. & date | : | | | | |
| 3. | Up to date total investment | : | | | | |
| 4. | Name & address of the foreign Collaborator(s) providing services/ intellectual properties | : | | | | |
| 5. | Type of the agreement (Please tick the appropriate one) | : | ☐ Royalty ☐ Franchise ☐ Technical knowledge<br>☐ Technical know-how ☐ Technical Assistance | | | |
| 6. | The effective date of the agreement | : | | | | |
| 7. | Duration of the agreement | : | | | | |
| 8. | A brief statement of benefits received / to be received by the local company/ firm under the agreement | | | | | |
| 9. | Brief Background of the Foreign Service Provider (provide a statement as attachment) | : | | | | |
| 10. | Whether the intellectual property (trademark/brand name/recipe/other patents) is registered in Bangladesh (Please tick) | : | ☐ Yes | | ☐ No | |
| 11. | Cost + Freight (C&F) Value of Imported Machinery (In the case or proposed/under implementation project) | : | Year of Import | | C&F Value (Tk. In Millions) | |
| 12. | Statement of actual production/services for the last 3 (three) Years | : | Year | Items of products/service | Qty. | Sales value/ Revenue |
| | | | 1 | | | |
| | | | 2 | | | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | 3 | | | | |
| 13. | Statement of export earnings (if any) | | : | Year of Export | Items of Export | Qty | C&F/CIF value | |
| | | | | | | | | |
| 14. | Schedule of Payment (Please tick the appropriate one) | | : | Monthly ☐ | Quarterly ☐ | Yearly ☐ | One time ☐ | |
| 15. | Total Amount to be paid as per Agreement | | : | | | | | |
| 16 | Type of Fees (Taka in million) | (a) Royalty | : | | | | | |
| | | (b) Franchise Fee | : | | | | | |
| | | (c)Technical knowledge fee | : | | | | | |
| | | (d) Technical Know-how fee | : | | | | | |
| | | (e) Technical assistance fee | : | | | | | |
| | | Total | : | | | | | |
| 17. | Statement of all types of remittances of such fees for the last 3 (three) years (please use a separate sheet if additional space is needed) | | : | Year of remittance | BIDA's approval No. & date | Amount in million Tk. | % | Type of fees |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| 18. | Nominated Bank (Authorized Dealer) | | | | | | | |

Signature of the Managing Director/ Managing Partner/Proprietor and Official Seal

**Documents to be enclosed:**

(1) A cover letter duly signed by the authorized officer in the letterhead pad of the applicant company addressed to the Director General, International Investment Promotion, BIDA;

(2) Two notarized copies of the original agreement according to the provisions of "Guideline for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee(s), technical assistance fee(s) and franchise fee(s), 2020" and according to the paragraph no. 3.0 of the "Procedure for approving and endorsing the agreement for remittance of royalty, technical knowledge/ technical know-how fee(s), technical assistance fee(s) and franchise fee(s)" signed between the service provider/foreign collaborator and the service recipient/ beneficiary company in Bangladesh;

(3) Two copies of duly notarized translated (translated by a local or foreign recognized translation agency) version of an agreement if the original agreement is written in a language other than Bangla or English;

(4) Copy(s) of the registration letter(s), if applicable with all amendment issued by the BIDA in favor of the recipient/ beneficiary company in Bangladesh;

(5) A written declaration with acceptable reasons and justification in the letterhead pad supported by documents for receiving foreign technical knowledge, technical know-how, and technical assistance;

(6) An undertaking to mandatorily comply with the decision of the competent authority for violation of arm's length principle of transfer pricing for receiving foreign technical knowledge, technical know-how, and technical assistance from parent/sister/affiliated/subsidiary company or from the company having mutual interest (if applicable);

(7) Resolution of the board of directors of the applicant recipient/ beneficiary company for approval of the agreement;

(8) Resolution of the board of directors of the foreign company/ partners of the firm endorsing the agreement.
(9) A copy of memorandum & articles of association and certificate of incorporation of the recipient/ beneficiary company in Bangladesh;
(10) A copy of the latest /updated trade license of the recipient/ beneficiary company in Bangladesh
(11) A copy of the annual report of the company/firm comprising audited balance sheet along with the profit and loss accounts (In case of the project in operation) or bill of entry(s)/Invoices of the imported machinery (In case of the project under implementation);
(12) Income Tax Return certified/authenticated/attested by chartered accountant firm for the concerned assessment year along with computation sheet for taxable income for the same period and tax clearance certificate issued by Deputy Commissioner of Taxes of the concerned Tax Circle;
(13) Invoice(s) in support of fees to be remitted;
(14) A copy of the latest /updated trademark/patent certificate of the recipient/ beneficiary company in Bangladesh (when applicable);
(15) Name and particulars of the nominee bank
(16) The fee to be paid before issuing the approval of the agreement

**Attachment B (পরিশিষ্ট-খ)**

**(Prescribed Letter Format for Application Shortfall)**

**The People's Republic of Bangladesh**
**Prime Minister's Office**
**Bangladesh Investment Development Authority**
**Registration and Incentives-Foreign Industry**
**Plot no: E-6/B, Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207**
www.bida.gov.bd

Memo no. ***************************** Date: *************

**Subject: Shortage of information/documents in and with the application submitted for approval of the agreement for outward remittance**

**Ref:** ***************************** Date: *************

Please refer to your letter on abovementioned subject dated ___________. The application cannot be processed due to the shortage of the following information/document (s):

| | |
|---|---|
| 1. | A cover letter duly signed by the authorized officer in the letterhead pad of the applicant company addressed to the Director General, International Investment Promotion, BIDA; |
| 2. | Notarized copy of the original agreement according to the provisions of "Guidelines for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee(s), technical assistance fee(s) and franchise fee(s), 2020" and according to the paragraph no. 3.0 of the "Procedure for approving and endorsing the agreement for remittance of royalty, technical knowledge/ technical know-how fee(s), technical assistance fee(s) and franchise fee(s)" signed between the service provider/foreign collaborator and the service recipient/ beneficiary company in Bangladesh; |
| 3. | Two copies of duly notarized translated (translated by a local or foreign recognized translation agency) version of the agreement if the original agreement is written in a language other than Bangla or English; |
| 4. | Copy(s) of the registration letter(s), if applicable with all amendment issued by the BIDA in favor of the recipient/ beneficiary company in Bangladesh; |
| 5. | Written declaration with acceptable reasons and justification in the letterhead pad supported by documents for receiving foreign technical knowledge, technical know-how, and technical assistance; |
| 6. | Undertaking to mandatorily comply the decision of the competent authority for violation of arm's length principle of transfer pricing for receiving foreign technical knowledge, technical know-how, and technical assistance from parent/sister/affiliated/subsidiary company or company having mutual interest; |
| 7. | Resolution of the board of directors of the applicant recipient/ beneficiary company for approval of the agreement; |
| 8. | Resolution of the board of directors of the foreign company/ partners of the firm endorsing the agreement; |
| 9. | Copy of memorandum & articles of association and certificate of incorporation of the recipient/ beneficiary company in Bangladesh; |
| 10. | Copy of the latest /updated trade license of the recipient/ beneficiary company in Bangladesh; |
| 11. | Copy of annual report of the company/firm comprising audited balance sheet along with the profit and loss accounts (In case of the project in operation) or bill of entry(s)/Invoices of the imported machinery (In case of the project under implementation); |
| 12. | Income Tax Return certified/authenticated/attested by chartered accountant firm for the concerned assessment year along with computation sheet for taxable income for the same period and tax clearance certificate issued by Deputy Commissioner of Taxes of the concerned Tax Circle; |
| 13. | Copy of the latest /updated trademark/patent certificate of the recipient/ beneficiary company in Bangladesh (when applicable); |
| 14. | Name and particulars of the nominee bank |
| 15. | Others if any |

(************)
Deputy Director
R&I Foreign Industry
Phone: ***********
email: **********

Managing Director
***************
********************

## Attachment C (পরিশিষ্ট-গ)

**(Prescribed Agreement Approval Letter Format)**

**The People's Republic of Bangladesh**
**Prime Minister's Office**
**Bangladesh Investment Development Authority**
**Registration and Incentives-Foreign Industry**
**Plot no: E-6/B, Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207**
www.bida.gov.bd

Memo no. *****************************  Date: *************

**Subject: Approval of the agreement for outward remittance of __________ fee.**
**Ref:**

Please refer to your letter on abovementioned subject dated ___________. This is to inform you that the agreement between ______________________ (foreign collaborator) and ______________________ (beneficiary in Bangladesh) signed on _________ for providing Royalty/Franchise/technical knowledge/technical know-how/technical assistance by the former and payment of fees against the services by the later has been approved by BIDA and signed and sealed in every page by the competent official of BIDA.

2. The company may remit the ___________ fees following the schedule as indicated in the section -------------of the agreement directly through the Authorised Dealer (AD) bank in Bangladesh (------*bank name*---) without any prior approval from BIDA fulfilling the following conditions:

**2.1. For Royalty, technical knowledge/technical know-how/ technical assistance fee(s):**

(a) For projects under implementation, not exceeding 6% of the total accumulated C&F value of imported machinery of the concurrent year(s) before going into commercial operation;

(b) For projects under commercial operation, not exceeding 6% of the previous years' sales (excluding Value Added Tax) as declared in the income tax returns.

2.2. **For Franchise fee(s)**

Fee(s) more than USD 0.1 million will be allowed to be remitted in installments. 50% of the approved claim will be allowed to remit in the 1st year, 30% in the 2nd year, and the rest of the 20% in the 3rd year.

2.3. Any payment of fees exceeding 6%, any kind of advance fees (where C&F values and/or sales value is not available), any payments to foreign contractors of the project and any other fees not stated in the "**Guidelines for outward remittance repatriation for payment of royalty, technical knowledge/ technical know-how fee (s), technical assistance fee(s) and franchise fee(s), 2020"** (hereinafter will be referred to as "Guidelines" must be needed prior approval from BIDA for remittance.

2.4. Before making the remittance transaction, the relevant AD Bank must ensure that:

a) the provisions of the "Guidelines" are strictly followed;

b) the agreement for any kind of remittance according to the "Guidelines" has been duly approved, signed, and sealed by BIDA;

c) the agreement for any kind of remittance according to the "Guidelines" is still in effect and has not been expired;

d) the fee is remitted in favor of only the service provider/the foreign collaborator and the address(es) as has been stated in the agreement;

e) the proper invoice from the service provider/the foreign collaborator has been provided;
f) the service recipient/beneficiary company has provided the work completion certificate and/or proof that the service in question has been provided and received duly;
g) the service recipient/beneficiary company furnishes a copy of the annual report of the company/firm comprising audited balance sheet along with the profit and loss accounts (in case of the project in operation) stating the annual sales value for the previous year, or bill of entry (s)/invoices of the imported machinery (in case of under implementation project) enumerating C&F values of the imported capital machinery for the project in concern;
h) the service recipient/beneficiary company has paid all the income taxes for the previous year and a certificate from NBR in that aspect is furnished with and all the relevant tax policies/regulations of the government have been complied with;
i) the service recipient/beneficiary company has valid trademark license(s) in Bangladesh for the product/service the fee is being remitted;
j) the service recipient/beneficiary company has a valid trade license for carrying out the related business(es) in Bangladesh

2.5. The Bank and the applicant/ service recipient/beneficiary company shall have to inform BIDA with authenticated banking documents as and when payments are made for post-facto review;
2.6. The government shall neither be involved nor be liable for the remittance of the said amount;
2.7. While effecting the remittance the nominated bank (Authorized Dealer) must follow the instruction of the FE circular no 42 dated 29 November 2017 and circulars, orders of Bangladesh Bank relating to foreign exchange transactions;
2.8. The company shall comply with foreign exchange regulations while effecting the said remittance;
2.9. The details of the remittance must be approved in the next Annual General/Board Meeting of the company.

(*****************)
Director
R&I Foreign Industry
Phone: **********
email: **********

Managing Director
***************
********************

Memo no. *****************************

Date: *************

**Copy to (Not according to seniority):**

1. Commissioner of Taxes, Zone-8, 12/1, Bijoynagar, Dhaka.
2. General Manager, Foreign Exchange Investment Department, Bangladesh Bank, Motihjeel C/A, Dhaka.
3. General Manager, Statistics Department, Bangladesh Bank, 29th storied Building (25th floor), Motijheel C/A, Dhaka.
4. Manager, ************* Bank, **********************, Bangladesh.
5. Muster file.

(************)
Deputy Director
R&I Foreign Industry
Phone: ***********
email: **********